



### আমাদের পরিবারদের ক্ষমতায়ন

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

একজন জীবনভর শিক্ষক এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর একজন অভিভাবক হিসেবে, আমি নিজস্ব অভিজ্ঞতা থেকে পারিবারকে ক্ষমতায়ন করার গুরুত্ব জানি। আমাদের স্কুল কমিউনিটিতে পিতামাতা এবং অভিভাবকদেরকে অবশ্যই স্বাগত জানাতে, মূল্যায়ন করতে, এবং তাদের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। চ্যাম্বেলর হবার সময় আমি যে তিনটি প্রতিশ্রুতি দিয়েছিলাম, সেগুলোর মধ্যে শিক্ষার্থীর সুরক্ষা ও শিক্ষকদের প্রতি সহায়তার পাশাপাশি এটি একটি। সেজন্যে, আমরা যখন বছরটি শুরু করছি, তখন পরিবারেরা আমাদের কার্য-পদক্ষেপে অন্তর্ভুক্ত আছে তা আমরা যেভাবে নিশ্চিত করছি তার কিছু এখানে দেয়া হলো:

- **ফ্যামিলি কানেক্টর (পরিবারের সাথে সংযোগকারী):** আমাদের NYCPS কেয়ারস্ (Cares) উদ্যোগের অংশ হিসেবে, এই স্বেচ্ছাসেবকগণ পিতামাতা এবং অভিভাবকদেরকে সিটির বিভিন্ন পরিষেবা ও তথ্য-সংস্থানে সাথে সংযুক্ত করে। আমি আপনাকে একজন ফ্যামিলি কানেক্টর (পরিবারের সাথে সংযোগকারী) হতে আগ্রহ প্রকাশের পাশাপাশি আরও জানতে উৎসাহিত করছি!

- **ভাষাগত সহায়তা:** এই সামারে (গ্রীষ্মে), আমরা চ্যাম্পেলরের প্রবিধান A-663 হালনাগাদ করেছি, যেন আরও বেশি পরিবার তাদের পছন্দের ভাষায় স্কুলের উপকরণ পেতে পারে। অনুবাদ এবং দোভাষী পরিষেবা সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইট দেখুন।
- **প্যারেন্ট লিডারশিপ (পিতামাতার নেতৃত্ব):** পরিবারগুলি আমাদের প্যারেন্ট লিডারশিপ (পিতামাতার নেতৃত্ব) কাঠামোতে তাদের মতামত প্রদানের মাধ্যমে আমাদের স্কুলগুলোকে শক্তিশালী করে। আমি পরিবারদেরকে আমাদের কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলগুলো সম্পর্কে আরও জানতে এবং আমাদের স্কুল সিস্টেম রূপায়নে সহায়তা করতে শূন্য আসনগুলোতে আবেদন করার বিষয়টি বিবেচনা করতে উৎসাহিত করছি।
- **প্যারেন্ট কোঅর্ডিনেটর:** প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ হলেন স্কুল-ভিত্তিক কর্মী যারা স্কুলের কমিউনিটিতে পরিবারেরা অন্তর্ভুক্ত এবং সম্পৃক্ত তা নিশ্চিত করতে নিবেদিতপ্রাণ। আমাদের "Find a School" (একটি স্কুল খুঁজুন) টুল ব্যবহার করে একটি স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর খুঁজুন।
- **প্যারেন্ট-টিচার কনফারেন্স:** প্যারেন্ট-টিচার কনফারেন্সের প্রথম রাউন্ড এই সপ্তাহে শুরু হয়েছে এবং কিছু থেডের জন্য 25 সেপ্টেম্বর পর্যন্ত চলবে। আরও তথ্যের জন্য এই কনফারেন্স সংক্রান্ত পরামর্শগুলো দেখুন।

আমাদের স্টাফদের প্রতি - আমাদের শিক্ষার্থীদের পক্ষ থেকে আপনাদের নিবেদিতপ্রাণ এবং কঠোর পরিশ্রমের জন্য আপনাদের ধন্যবাদ। আমাদের পিতামাতা এবং পরিবারের সদস্যদের প্রতি - আপনাদের সহযোগিতা এবং সম্ভানকে আমাদের কাছে আস্থার সাথে অর্পণ করার জন্য ধন্যবাদ। এই কাজে আমরা সকলেই অংশীদার।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)


চ্যাম্পেলর

**চ্যাম্পেলরের স্পটলাইট:**

আমাদের ফ্যামিলি কানেক্টরগণ (পরিবারের সাথে সংযোগকারী) সক্রিয়ভাবে আমাদের কমিউনিটিগুলোকে সহায়তা করছেন: সম্পর্ক তৈরি করছেন, সংযোগ তৈরি করছেন, এবং গুরুত্বপূর্ণ তথ্য-সংস্থানের অভিজ্ঞতা বৃদ্ধি করছেন। যেসব পরিবার সহায়তা পাচ্ছে এবং ফ্যামিলি কানেক্টরগণ উভয়ের জন্য এই অভিজ্ঞতাটি অর্থবহ। একজন ফ্যামিলি কানেক্টর যেমনটি বলেছেন, “একজন ফ্যামিলি কানেক্টর হওয়া আমার জীবন প্রকৃতপক্ষেই বদলে দিয়েছে, কারণ এটি আমাকে এমন সব তথ্য জানার সুযোগ করে দিয়েছে যেগুলোর অস্তিত্বই আমি কখনো জানতাম না।” ফ্যামিলি কানেক্টরগণ, আপনাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ!

কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যাম্পেলরের স্পটলাইট-এর জন্য এখানে মনোনয়ন দিন।

আমাদের হাইলাইট ভিডিও: ভাষাগত সহায়তা



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:

- 15 সেপ্টেম্বর থেকে 15 অক্টোবর পর্যন্ত হিস্প্যানিক হেরিটেজ মাস (ঐতিহ্যের মাস)! [শিক্ষাগত তথ্য-সংস্থান](#), [কার্যক্রম](#), এবং [সুপারিশকৃত পাঠ্য](#) দেখুন।
- [দ্যা মর্নিং বেল](#)-এ সেপ্টেম্বর মাসে শিক্ষার্থীর জন্য বিভিন্ন সুযোগ দেখে নিন।
- বিভিন্ন খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে [ফেসবুক](#), [ইনস্টাগ্রাম](#), [X](#), এবং [ইউটিউব](#)-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর [সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি মেয়রের অফিস থেকে সরাসরি [সর্বসাম্প্রতিক তথ্য পেতে সাইন আপ](#) করতে পারেন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে [আনসাবসক্রাইব](#)-এ ক্লিক করুন।